


কালের কণ্ঠ

আপডেট : ১২ মার্চ, ২০১৮ ০২:২৫

ঢাবিতে সেমিনারে বক্তারা

উচ্চশিক্ষার মান উন্নয়নে দরকার পুরো ব্যবস্থার উন্নয়ন

 উচ্চশিক্ষার মান উন্নয়নে দরকার পুরো ব্যবস্থার উন্নয়ন

‘উচ্চশিক্ষার মানোন্নয়নের বিষয়টিকে মূলধারার সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি সম্পৃক্ত সব শিক্ষাপ্রতিষ্ঠানকেই গুরুত্বের সঙ্গে দেখতে হবে। উচ্চশিক্ষার উন্নয়নে স্কুল পর্যায় থেকেই পদক্ষেপ নিতে হবে। বস্তুত এ সম্পর্কিত সব অংশের উন্নয়ন হলেই কেবল পুরো উচ্চশিক্ষা ব্যবস্থার উন্নয়ন সম্ভব হবে।’

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে গতকাল রবিবার আয়োজিত ‘বাংলাদেশের উচ্চশিক্ষা’ বিষয়ক এক সেমিনারে বক্তারা এসব কথা বলেন। জার্মানিভিত্তিক সংগঠন ফ্রেডরিক এবার্ট স্টিফটাং (এফইএস) বাংলাদেশের সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক ও ইতিহাস বিভাগ এই সেমিনারের আয়োজন করে। এতে দেশের বেশ কয়েকটি সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও গবেষকরা অংশ নেন।

সেমিনারে ‘উদীয়মান মধ্যম আয়ের দেশের জন্য উচ্চশিক্ষা’ শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন ব্র্যাকের প্রতিষ্ঠাতা ফজলে হাসান আবেদ। এ ছাড়া রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক আনন্দ কুমার সাহা, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আতিক ইসলাম, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ওমর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ইমতিয়াজ আহমেদ, এফইএস বাংলাদেশের আবাসিক প্রতিনিধি ফ্রান্সিস্ক কর্ন প্রমুখ উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক নাসরীন আহমাদ সেমিনারে সভাপতিত্ব করেন। সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ওপর প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক ইফতেখার ইকবাল ও ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক পারভেজ করিম আব্বাসী। ফজলে হাসান আবেদ তাঁর মূল প্রবন্ধে বাংলাদেশের মতো একটি মধ্যম আয়ের দেশে উচ্চশিক্ষায় বিদ্যমান সমস্যা, গুণগত মান নিশ্চিতকরণে বাধা ও এই বাধা দূরীকরণের উপায় তুলে ধরেন। তিনি বলেন, উচ্চশিক্ষার উন্নয়নে স্কুল পর্যায় থেকেই পদক্ষেপ নিতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে সবচেয়ে বেশি শিক্ষার্থী উচ্চশিক্ষা নেয়।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়ড়া, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com